



জেলা পরিষদ কার্যালয়
নাটোর।

www.zpnatore.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নংঃ ৪৬.০০.৬৯০০.০০১.৩১.০০৬.২২- ৩৯ (২০০)

তারিখঃ ০৭/০২/২০২৪ খ্রিঃ

“শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি”

নাটোর জেলা পরিষদ কর্তৃক ২০২৩-২০২৪ অর্থ বছরে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে ২০২৩ সালে এসএসসি এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ দরিদ্র ও মেধাবী ছাত্র/ছাত্রী এবং উচ্চ শিক্ষায় অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের নিকট নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- (০১) আবেদনকারীকে ২০২৩ সনে অনুষ্ঠিত এস,এস,সি/এইচ,এস,সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ সহ উত্তীর্ণ হতে হবে। অসচ্ছল বীরমুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী আবেদনকারীদের ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ ৪.৫০ হলেও আবেদন করা যাবে।
- (০২) নাটোর জেলার স্থায়ী বাসিন্দা বর্তমানে মেডিকেল কলেজ/বিশ্ববিদ্যালয়/ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীরাও আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে তাদের এস,এস,সি/এইচ,এস,সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ সহ উত্তীর্ণ হতে হবে।
- (০৩) ডাকযোগে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অথবা জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি আবেদন করতে হবে।
- (০৪) অত্রাফিসে সরাসরি/ডাকযোগে/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে ২৬-০৫-২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (০৫) অসচ্ছল পরিবারের মেধাবী ছাত্র/ছাত্রীকে নাটোর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- (০৬) আবেদনপত্রে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।
- (০৭) নাটোর জেলার স্থায়ী বাসিন্দা ও পরিবারের আর্থিক অসচ্ছলতার স্বপক্ষে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- (০৮) আবেদনপত্রের সাথে পরীক্ষার মার্কশীট এর সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অথবা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- (০৯) অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ মামুন হুইয়া

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, নাটোর।

তারিখঃ ০৭/০২/২০২৪ খ্রিঃ

স্মারক নংঃ ৪৬.০০.৬৯০০.০০১.৩১.০০৬.২২- ৩৯ (২০০)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, নাটোর।

অনুলিপিঃ বহুল প্রচারের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ৫। জেলা প্রশাসক(সকল)।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.....(সকল)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল) নাটোর।
- ৮। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ৯। সদস্য জেলা পরিষদ, নাটোর।
- ১০। সম্পাদক, দৈনিক ইত্তেফাক এবং দৈনিক প্রান্তজন নাটোর। তাঁকে বিজ্ঞপ্তিটি (৪" X ৫") কলামে স্বল্প পরিসরে আগামী ১৪-০২-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে এক দিন মাত্র ছাপিয়ে প্রকাশান্তে প্রতিকার কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ১১। অফিস কপি।

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, নাটোর।